জরুরী

বিশেষ বাহক দ্বারা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচী-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১৪৩ তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২২ ব./০৭ জুন ২০১৫ খ্রি.।

বিষয় : ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ৩য় পর্যায়ে নির্বাচনী এলাকা ভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে মূল বরাদ্দ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ২০১৪-১৫ অর্থ বছরে ৩য় পর্যায়ে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি (কাবিটা) খাত থেকে নির্বাচনী এলাকা ভিত্তিক বিশেষ বরাদ্দ (সম্পূর্ণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা যথাক্রমে : রাজশাহী-২, খুলনা-২, খুলনা-৩, ঢাকা-৬, ঢাকা-৭, ঢাকা-৮, ঢাকা-১০, ঢাকা-১২, ঢাকা-১৩, ঢাকা-১৫, ঢাকা-১৬, ঢাকা-১৭, গাজীপুর-২, চট্টগ্রাম-৯, চট্টগ্রাম-১০ এবং চট্টগ্রাম-১১ সর্বমোট ১৬ টি এবং ৭টি আংশিক সিটি কর্পোরশনভুক্ত নির্বাচনী এলাকা যথাক্রমে রংপুর-৩, ঢাকা-৪, ঢাকা-৫, ঢাকা-৯, ঢাকা-১১, ঢাকা-১৪ ও ঢাকা-১৮ ব্যতীত) নিম্নবর্ণিত বিভাজন অনুসারে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নির্বাচনী এলাকা ভিত্তিক ২৪,৯৩,০০,০০০/-টাকা (চব্বিশ কোটি তিরানব্বই লক্ষ) টাকা (প্রতি মে. টন ২০,০০০/- টাকা হিসাবে)-এর মূল বরাদ্দ মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এর অনুকূলে ছাড় করা হলো :

| ক্রমিক | নির্বাচনী এলাকা, সংরক্ষিত মহিলা আসনভিত্তিক বরাদ্দ | মোট বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১। | ২৭৭টি আসন (২৭৭X৯,০০,০০০/- টাকা) | ২৪,৯৩,০০,০০০/-টাকা |
| | সর্বমোট: | ২৪,৯৩,০০,০০০/-টাকা (চব্বিশ কোটি তিরানব্বই লক্ষ) টাকা |

শর্তসমূহ :

১) ৩য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ১৫ জুন ২০১৫ খ্রি. তারিখের মধ্যে টিআর নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(২) এ বরাদ্দের সমুদয় অর্থ দ্বারা মুক্তিযোদ্ধা পরিবার, দুঃস্থ পরিবার, বয়স্ক ভাতাপ্রাপ্ত ব্যক্তিবর্গ, শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠানে সোলার প্যানেল, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলা বাস্তবায়ন করতে হবে। সোলার প্যানেল, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলা সরকারী প্রতিষ্ঠান/ তাদের মনোনীত সহযোগী প্রতিষ্ঠান থেকে ক্রয় করতে হবে।

(৩) এ কর্মসূচীর আওতায় অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টিআর নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;

(৪) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন : ৯৫৪০১৩৯
ই-মেইল:dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১৪৩/১(১০) তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২২ ব./০৭ জুন ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৫। জেলা প্রশাসক, (সকল)-----------------------------------(মাননীয় সংসদ সদস্যগণকে অবগত করানোর অনুরোধসহ)।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিষ্টেম এনালিষ্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

07/06/2015

(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)

Letter~Monir